দর্শনায় সোলার এগ্রি-পিভি ও সৌর সেচপাম্প গ্রিড ইন্টিগ্রেশন প্রকল্পের উদ্বোধন

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নের শৈলমারি-উজলপুর গ্রামের বেদেপোতা মাঠে দেশের একমাত্র ‘সোলার এগ্রি-পিভি ইন্টিগ্রেটেড উইথ সোলার ইরিগেশন পাম্প গ্রিড ইন্টিগ্রেশন’ প্রকল্পের উদ্বোধন করা হয়েছে।

গতকাল বুধবার দুপুর ১২টার দিকে জার্মানভিত্তিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান GIZ Bangladesh-এর আয়োজনে এবং বেসরকারি উন্নয়ন সংস্থা WAVE Foundation-এর উদ্যোগে স্থাপিত এ প্রকল্পের আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে গান ও বাদ্যের তালে তালে মাথাল ও গামছা পরিয়ে অতিথিদের সংবর্ধনা দেওয়া হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে প্রকল্পের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব ও বিদ্যুৎ বিভাগের এনার্জি এফিসিয়েন্সি অ্যান্ড কনজারভেশন ব্রাঞ্চের যুগ্মসচিব মোহাম্মদ খালেকুজ্জামান।

বিশেষ অতিথি ছিলেন টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষের (SREDA) পরিচালক (উপসচিব) ইঞ্জিনিয়ার মুজিবুর রহমান, ওয়েভ ফাউন্ডেশনের ডেপুটি এক্সিকিউটিভ ডিরেক্টর নাসিফা আলী, ইউরোপীয় ইউনিয়নের বাংলাদেশ প্রতিনিধি দলের গ্রিন ইনক্লুসিভ ডেভেলপমেন্টের এনভায়রনমেন্ট অ্যান্ড এনার্জি প্রোগ্রাম ম্যানেজার তানজিনা দিলশাদ এবং GIZ Bangladesh-এর এনার্জি ক্লাস্টার কো-অর্ডিনেটর স্টোয়ানকা স্টিচ।

অনুষ্ঠানের সমাপনী পর্বে বক্তব্য দেন Infrastructure Development Company Limited (IDCOL)-এর ম্যানেজিং ডিরেক্টর এসএম মুনিরুল ইসলাম, KfW Development Bank, Dhaka Office-এর সিনিয়র পোর্টফোলিও ম্যানেজার (এনার্জি) ক্রিস্টিনে ভিস এবং ঢাকায় জার্মান ফেডারেল রিপাবলিকের দূতাবাসের হেড অব ডেভেলপমেন্ট কো- অপারেশন উলরিখ ক্লেপ্পমান।

রায়হান, সহকারী পরিচালক কিতাব আলী, সিনিয়র সমন্বয়কারী কামরুজ্জামান যুদ্ধ, আব্দুল আলীম সজল, উপসমন্বয়কারী নজরুল ইসলাম, বিএনপি নেতা আসলাম আলীসহ সংশ্লিষ্টরা।

চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়নে ৪০ দিনের কর্মসূচি কাজের উদ্বোধন

চুয়াডাঙ্গা সদর উপজেলার বেগমপুর ইউনিয়নে ৪০ দিনের কর্মসূচি প্রকল্প কাজের উদ্বোধন করা হয়েছে।

গতকাল শনিবার সকালে ইউনিয়নের কৃষ্ণপুর বাজারের ব্রীজের মুখ হতে কান্দির মাঠ অভিমুখে নতুন রাস্তা নির্মান কাজের উদ্বোধন করা হয়। ইউনিয়নের অতিদরিদ্রদের কর্মসংস্থানের ৪০ দিনের কর্মসূচি কাজের উদ্বোধন করেন ৫নং বেগমপুর ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান ৪ নং ওয়ার্ড ইউপি সদস্য জিল্লুর রহমান (জুলমত)।

এ কাজ উদ্বোধনে সময় উপস্থিত ছিলেন গ্রাম পুলিশ আমিরুল ইসলাম সহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

চুয়াডাঙ্গার বেগমপুর ইউনিয়নে ভিজিএফ’র চাল বিতরন

বর্তমান সরকার গরীব বান্ধব সরকার। পবিত্র ঈদুল আযহা উপলক্ষে বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ভিজিএফ’র চাল বিতরণ করা হয়েছে।

গতকাল রবিবার সকাল ৮ টার দিকে চুয়াডাঙ্গা সদর বেগমপুর ইউনিয়নর অনুকুলে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঈদ উপহার ৩ হাজার ৬ শত গরীব-অসহায় মানুষের মাঝে বিনামূল্যে এ ভিজিএফ’র চাল বিকরন করা হয়েছে।

এ চাউল বিতরনের উদ্বোধন করেন বেগমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলী হোসেন জোয়ার্দার।

এ ভিজিএফ চাল বিতরন উদ্বোধনী অনুষ্ঠানে ট্রাগ অফিসার হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা সদর উপজেলা বিআরডিবির প্রকল্প কর্মকর্তা আরিফুজ্জামান, বেগমপুর পুলিশ ক্যাম্পের ইনচার্জ এস,আই কানু চন্দ্র বিশ্বাস, ইউপি সদস্য প্যানেল চেয়ারম্যান জিল্লুর রহমান, ইউপি সদস্য হালিমা খাতুন, নাছিমা খাতুন, আহারন নেছা, আবু বক্কর জোয়ার্দ্দার, আলী কদর, আবু সালেহ, আমিরুল ইসলাম, আমিনুল ইসলাম, কায়েস উদ্দিন, আক্কাস আলী, বিএনপি নেতা আসলাম উদ্দিন সহ ইউনিয়নের গণ্যমান্য ব্যাক্তিবর্গ সুধি মহল।

আওয়ামী লীগের আমলে গত ১৩ বছরে একটি মানুষও না খেয়ে মারা যায়নি- কৃষিমন্ত্রী

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানার বেগমপুর ইউনিয়নের রাঙ্গিয়ার পোতা গ্রামে আনার বাগান পরিদর্শন করেন কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক এ সময় তিনি বলেন আমাদের দেশেই এখন সব রকম চাষ করা সম্ভব তাই কৃষিখাতকে আমরা ঢেলে সাজ্জাছি। আনার বাগান পরিদর্শন শেষে দামুড়হুদা উপজেলার দর্শনা থানার পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের হৈবৎপুর গ্রামে মুক্তিযোদ্ধা স্মৃতি সংগ্রহ শালা ও নবান্নে ধান কর্তন অনুষ্ঠানরের শুভ উদ্ধোধন করেন কৃষিমন্ত্রী ড.আব্দু রাজ্জাক।

আজ মঙ্গলবার (১৫ নভেম্বর) দুপুর ১২ টার দিকে হৈবৎপুর গ্রামে এ শুভ উদ্ধোধন করা হয়।

চুয়াডাঙ্গা জেলা প্রশাসক আমিনুল ইসলাম খানের সভাপতিত্বে ,প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে বক্তব্যে রাখেন বাংলাদেশ সরকারের কৃষিমন্ত্রী ড. আব্দুর রাজ্জাক।

তিনি বলেন, মুক্তিযোদ্ধার চেতনায় এগিয়ে চলছে বাংলাদেশ, বৈশ্বিক পরিস্হিতি – মোকাবেলায় সকল আবাদী অনাবাদী পতিত জমি চাষের আওতায় আনতে হবে। বাংলাদেশ কৃষি প্রধান দেশ,বাংলাদেশে কোন খাদ্যের ঘাটতি হবে না, বর্তমান বিশ্বে মহামারী ও দূভিক্ষ দেখা দিলেও বাংলাদেশে কোন ঘাটতি হবে না। আমরা সব সময় জনগনের পাশে আছি এবং থাকবো। এ সরকার মুক্তিযোদ্ধাদের যত রকম সুযোগ সুবিধা আছে সব রকম আমরা দিয়ে আসছি। আমরা আগামী দিনে সরকার গঠন করে দেশকে আরও একধাপ এগিয়ে নিতে চাই। তাই আগামীতে জননেত্রী ও প্রধানমন্ত্রীর হাতকে শক্তিশালী করতে শেখ হাসিনার কোন বিকল্প নেই।

তিনি আরও বলেন বিএনপি ক্ষমতায় থাকার সময় ২০০১ থেকে ২০০৬ সাল পর্যন্ত দেশের উত্তরাঞ্চলে আশ্বিন-কার্তিক মাসে প্রতিদিন দুই থেকে পাঁচজন মানুষ না খেয়ে মারা গেছে। আওয়ামী লীগের আমলে গত ১৩ বছরে একটি মানুষও না খেয়ে মারা যায়নি। বাণিজ্যিক কৃষিব্যবস্থা গড়তে কাজ করছে সরকার।

সরকার আধুনিক ও বাণিজ্যিক কৃষিব্যবস্থা তৈরি করতে গুরুত্ব দিয়ে কাজ করছে জানিয়ে কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক বলেছেন, কৃষিতে অভূতপূর্ব উন্নয়ন হয়েছে। পরিত্যক্ত জমিগুলোকে কৃষির আওতায় আনার উদ্যোগ নেয়া হয়েছে। এ জন্য সরকার থেকে নানা রকম সহযোগিতা দেয়া হয়েছে।

এ সময় ড. আবদুর রাজ্জাক আরও বলেন, কৃষি যদি লাভজনক না হয় কেউ চাষ করবে না। আমরা চেষ্টা করছি, লাভজনক কৃষিব্যবস্থা গড়তে। যাতে কৃষক নিজের প্রয়োজন মেটানোর পাশাপাশি অর্জিত অর্থ দিয়ে জীবনযাত্রার মানোন্নয়ন করতে পারে।সে লক্ষে সরকার সারাদেশ ব্যাপি কাজ চালাচ্ছে। দর্শনা পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের হৈবৎপুর গ্রামে মুক্তিযোদ্ধা স্মৃতি সংগ্রহ শালা ও নবান্নে ধান কর্তন অনুষ্ঠানে কৃষিমন্ত্রী আব্দুর রাজ্জাক এসব কথা বলেন।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর, বাংলাদেশ কৃষিমন্ত্রলয়ের সচিব সায়েদুল ইসলাম, চুয়াডাঙ্গা জেলা আ.লীগের সাধারন সম্পাদক বীর মুক্তিযোদ্ধা আজাদুল ইসলাম আজাদ, দামুড়হুদা উপজেলা আ.লীগের

সভাপতি ও নব নির্বাচিত জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুন ।

এ সময় আরও উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা চেয়ারম্যান ও দর্শনা পৌর আ.লীগের সাধারন সম্পাদক আলী মুনছুর বাবু,দামুড়হুদা উপজেলা আ.লীগের সাধারন সম্পাদক শহিদুল ইসলাম জীবননগর উপজেলার চেয়ারম্যান হাফিজুর রহমান হাফিজ,অনুষ্টানটি সার্বিক উপস্হাপনা করেন পারকৃষ্ণপুর মদনা ইউনিয়নের চেয়ারম্যান এস এম জাকারিয়া আলম।